গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)
ড. কুদরাত-এ-খুদা রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নং-৩৯.০২.০০০০.০০৭.০৪.০০৩.২৬/৮৭৮

তারিখ: ০৫.০২.২০২৬

অভিযোগনামা

(বিভাগীয় মামলা নং-০৩/২০২৬)

আপনি জনাব কাজী মোঃ ইয়াছিন আরাফাত, সাইন্টিফিক অফিসার বিগত ২১.১০.২০১৮ তারিখে সাইন্টিফিক অফিসার পদে যোগদান করে বর্তমানে আইএমএমএম, বিসিএসআইআর, জয়পুরহাট এ কর্মরত রয়েছেন।

যেহেতু, আপনার অনুকূলে যুক্তরাষ্ট্রের North Carolina State University হতে ০৫ বছর মেয়াদী পিএইচডি কোর্স করার নিমিত্ত ০১.০৮.২০২১ হতে ৩০.০৭.২০২৫ তারিখ পর্যন্ত অথবা প্রস্থানের তারিখ হতে ০৪ বছর প্রেষণ মঞ্জুর করা হয় এবং তৎপ্রেক্ষিতে আপনি ৩০.০৭.২০২১ তারিখে কর্মস্থল ত্যাগ করেন;

যেহেতু, আপনার অনুকূলে মঞ্জুরিকৃত প্রেষণের মেয়াদ গত ৩০.০৭.২০২৫ তারিখে শেষ হয় এবং অনুমোদিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য আপনাকে অনুরোধ করা হয়;

যেহেতু, আপনি পিএইচডি কোর্স সম্পন্ন করার নিমিত্ত পূর্বে মঞ্জুরিকৃত প্রেষণের ধারাবাহিকতায় ১ (এক) বছর প্রেষণ বর্ধিতকরণ সংক্রান্ত আবেদন করেন কিন্তু ছুটি মঞ্জুর না হওয়ায় কর্মস্থলে যোগদান করার জন্য অনুরোধ করা হয় কিন্তু মঞ্জুরিকৃত প্রেষণ (০১.০৮.২০২১ হতে ৩০.০৭.২০২৫) ভোগ করে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে ৩০.০৭.২০২৭ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে বিদেশে অবস্থান করেছেন;

যেহেতু, অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং প্রেষণ ভোগ শেষে যথাসময়ে কাজে যোগদান না করায় কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে জবাব প্রদানের জন্য অনুরোধ জানানোর পরিপ্রেক্ষিতে কোন জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯-এর ৩৮(ক), (খ) ও (গ) অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯-এর ৩৮(ক), (খ) ও (গ) অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগে অভিযুক্ত করা হলো এবং একই প্রবিধামালার ৩৯ (১) (খ) (ঈ) প্রবিধি অনুযায়ী কেন পরিষদের চাকরি হতে আপনাকে বরখাস্ত করা হবে না, তার জবাব আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরারব দাখিল করার জন্য এবং আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন কিনা তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

স্বাঃ
ড. সামিনা আহমেদ
চেয়ারম্যান
বিসিএসআইআর
ফোন: ৫৮৬১০৬৩৪
E-mail:
chairman@bcsir.gov.bd

চলমান পাতা-২

জনাব কাজী মোঃ ইয়াছিন আরাফাত
সাইন্টিফিক অফিসার
আইএমএমএম, বিসিএসআইআর, জয়পুরহাট।

Present Address: Kazi Md. Yasin Arafat, C/O- Lokendra Pal, PhD, E.J. Woody Rice Professor, University Faculty Scholar, Department of Forest Biomaterials, NC State University, USA.
E-mail: kaziarafat1992@gmail.com

নং-৩৯.০২.০০০০.০০৭.০৪.০০৩.২৬/৮৭৮ তারিখ: ০৫.০২.২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), আইএমএমএম, বিসিএসআইআর, জয়পুরহাট।
২। পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর সচিবালয়, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, বিসিএসআইআর, ঢাকা (বিসিএসআইআর-এর ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিএসআইআর, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। একান্ত সহকারী, সদস্য (অর্থ)/(প্রশাসন), বিসিএসআইআর, ঢাকা (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

০৫/০২/২০২৬
(মোহাম্মদ সহিদুল হক পাটোয়ারী)
সচিব